BANGLADESH JEWELLER'S ASSOCIATION
বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন

# প্রেস বিজ্ঞপ্তি

৮মার্চ-২০২৪

## জুয়েলারি শিল্পের উন্নয়নে নারী উদ্যোক্তারা পাশে চায় সরকারকে

স্বাধীনতার এই মাসে জুয়েলারি শিল্পে নারী-পুরুষের সমতা নিশ্চিত করতে হবে। এমন দাবি করেন জুয়েলারি শিল্পের সাথে সম্পৃক্ত নারী উদ্যোক্তারা। এজন্য দরকার সরকারের নীতি সহায়তা সহ সরকারী পর্যায়ে প্রশিক্ষণ ইনস্টিটিউট। বাজুস আশাকরে জুয়েলারি শিল্পে দিন দিন নারী উদ্যোক্তারা সংখ্যা বৃদ্ধি পাবে। এই খাতে উদ্যোক্তা বাড়াতে নারীদের প্রশিক্ষণের আহ্বান জানানো হয় ।

বক্তারা বলেন, নারীদের প্রতি সকল ধরনের নির্যাতন বন্ধ করতে হবে। সমঅধিকার নিশ্চিত করতে হবে, আর এ জন্য পুরুষদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে দেশ ও জাতির উন্নয়নে কাজ করতে হবে সকল নারীদের ।

বাজুসের নারী উদ্যোক্তারা আরো বলেন, এই খাতে সমতা নেই। পর্যায়ক্রমে এই সমতা বাস্তবায়ন করতে হবে। নারীদের আগ্রহী করে তুলতে হবে। নারীদের জন্য নিরাপদ কর্মপরিবেশ তৈরি করতে হবে। নারীদের এই খাতে আগ্রহী করে তুলতে হবে।

এসময় আলোচনায় বক্তারা আরো বলেন নারীর জন্য মা হওয়া কিংবা সন্তান লালন পালন করাটা প্রকৃতির আর্শীবাদ হলেও কর্মজীবী নারীর জন্য তা যেনো অভিশাপ। সরকারি কর্মীরা ছয় মাসের ছুটি পেলেও বেসরকারি খাতে চার মাসের মাতৃত্বকালীন ছুটির বিধানও মানা হয় না। উল্টো বাধ্য করা হয় চাকরি ছাড়তে। বড় বড় প্রতিষ্ঠানে উচ্চ পদস্থ নারী কর্মকর্তারাও গর্ভকালীন সময়ে যেনো প্রতিষ্ঠানের বোঝা হয়ে উঠেন। যোগ্যতায় পুরুষের সমান হয়েও কর্মস্থলে পিছিয়ে পড়েন নারীরা।

বাজুসের সাবেক সভাপতি, কার্যনিরবাহী কমিটির সদস্য ও মূখপাত্র ডাঃ দিলিপ কুমার রায় বলেন, দেশকে এগিয়ে নিতে হলে নারী পুরুষ এক সাথে কাজ করতে হবে। নারীকে উৎসাহ দিতে হবে কাজে এবং করে দিতে হবে কর্মপরিবেশ। তাহলেই এগিয়ে যাবে নারী এগিয়ে যাবে দেশ।

'নারীর সমঅধিকার, সমসুযোগ এগিয়ে নিতে হোক বিনিয়োগ' এই প্রতিপাদ্য সামনে রেখে বিশ্বের সাথে তাল মিলিয়ে বাজুস প্রতিবারের মতো পালন করেছে আন্তর্জাতিক নারী দিবস।

০৮/০৩/২০২৪

BANGLADESH JEWELLER'S ASSOCIATION
Level-19, Bashundhara City Shopping Complex
Panthapath, Dhaka-1215, Bangladesh.Tel: 02-58151012

আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে আজ বিকাল ৪টায় রাজধানীর বসুন্ধরা সিটি শপিং কমপ্লেক্সের বাজুস কার্যালয়ে আয়োজন করা হয় 'জুয়েলারি শিল্পের উন্নয়নে নারী উদ্যোক্তাদের ভূমিকা' শীর্ষক আলোচনা সভা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফরিদা হোসেন, চেয়ারম্যান, বাজুস স্ট্যান্ডিং কমিটি অন উইমেন অ্যাফেয়ার্স।

রাশেদ রহমান অমিত, মিডিয়া এন্ড কমিউনিকেশন স্পেশালিস্ট, বাজুস এর সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাজুস স্ট্যান্ডিং কমিটি অন উইমেন অ্যাফেয়ার্সের সদস্য সচিব সেলিমা আক্তার সদস্য, মেহজাবীন মোর্শেদ, সদস্য সোনালী শবনম

অনুষ্ঠান শেষে নারী উদ্যোক্তাদের সাথে নিয়ে বাজুস স্ট্যান্ডিং কমিটি অন উইমেন অ্যাফেয়ার্সের চেয়ারম্যান ফরিদা হোসেন কেক কাটেন।

বার্তা প্রেরক.

রাশেদ রহমান অমিত
মিডিয়া এন্ড কমিউনিকেশন স্পেশালিস্ট
মোবাইল: ০১৭৭৪৪৩১৩৮৭